

# ঝুঁকি হ্রাসকরণ প্রকল্পের ভিউফাইন্ডার

ভূমিকা: দুর্ঘোণের ঝুঁকি কমানোর ক্ষেত্রে তরুণদের অংশগ্রহণ অপরিহার্য। ভবিষ্যতকে নিয়ে আমাদের যেসব অনন্য দৃষ্টিভঙ্গি ও ধারণা রয়েছে তা আমাদের সমাজের উন্নয়নে সাহায্য করতে পারে। সবার সাথে যোগাযোগ করার দুর্দান্ত একটি উপায় হল আমাদের গল্প ও কাজের কথা অন্যদেরকে জানানো, আর এর মাধ্যমে আমাদের মধ্যে দুর্ঘোণের প্রভাব কাটিয়ে ওঠার জন্য সহনীয়তা গড়ে তোলাও সহজ হয়।

## নেতৃত্ব এবং ভবিষ্যৎ গঠন বিষয়ক কার্যক্রম

### সময়

কয়েক সপ্তাহ

### জটিলতা

কঠিন

### সরঞ্জাম

স্ব-মূল্যায়িত

#### ধাপ ১

- আপনার স্কুলে বিপর্যয়ের ঝুঁকি কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে লিপিবদ্ধ করার জন্য সহপাঠী ও একজন শিক্ষকে সাথে নিয়ে আপনার স্কুলের চারপাশে ঘুরে দেখুন। যেখানে প্রকল্প শুরু করবেন সেখানকার ছবি তুলে তা লিপিবদ্ধ করুন।

#### ধাপ ২

- শনাক্ত করা বিপর্যয়ের ঝুঁকিগুলোকে কীভাবে মোকাবেলা করা যায় তা নিয়ে সবাই একসাথে চিন্তাভাবনা করুন। আপনাদের প্রকল্পকে বাস্তবায়ন করার প্রয়োজনীয় কাজকে ধাপে ধাপে ভাগ করে নির্দেশনা তৈরি করুন।

#### ধাপ ৩

- স্কুলের কর্তৃপক্ষের সাথে প্রকল্পের পরিকল্পনা পর্যালোচনা করে অনুমোদন করিয়ে নিন, পরিকল্পনার জন্য প্রয়োজন হতে পারে এমন সব সরঞ্জাম সংগ্রহ করুন এবং পরিকল্পনাকে বাস্তবায়ন করার কাজ শুরু করুন!

#### ধাপ ৪

- প্রকল্পের পরিকল্পনা ও কাজ চলাকালীন পুরো সময় জুড়েই ছবি তুলুন। স্কুলের দুর্ঘোণের ঝুঁকি হ্রাসকরণ প্রকল্পের কাজ শেষ হয়ে গেলে শিক্ষকের সাহায্য নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে আপনাদের অভিজ্ঞতা শেয়ার করুন।

